

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত অনলাইন সফটওয়্যারের উদ্বোধন



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ও কর্মকর্তাদের নিয়োগ পদোন্নতির জন্য একটি অনলাইন সফটওয়্যারের উদ্বোধন অনুষ্ঠান ১১ ফেব্রুয়ারি-২০২০ উপাচার্য মহোদয়ের কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। প্রধান অতিথি হিসেবে উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান সফটওয়্যারটির উদ্বোধন করেন।

এসময় ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, বিভিন্ন অনুষদের ডিন, রেজিস্ট্রার, বিভাগের চেয়ারম্যান, শিক্ষক ও সফটওয়্যার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, অনলাইন ভিত্তিক ‘নিয়োগ/আপগ্রেডেশন’ সংক্রান্ত এই সফটওয়্যারে আবেদনকারীদের সকল প্রকার শিক্ষাগত যোগ্যতা, সনদপত্র এবং গবেষণা প্রবন্ধ সংরক্ষিত হবে। সফটওয়্যারটি লিংক হচ্ছে: https://hrm.erp.jnu.ac.bd/online_application/।